গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট

**উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভা**

সভার তারিখ ঃ ১৪.০৬.২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় ঃ সকাল ১১ ঘটিকা
সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়াম্যানের কর্যালয় গোলাপগঞ্জ, সিলেট।

| ক্রমিক নং | উপস্থিত সদস্যর নাম | পদবী | কমিটি পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মনসুর আহমদ | ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | জনাব আব্দুস সামাদ | চেয়ারম্যান, বাঘা ইউপি | সদস্য | |
| ৩ | জনাব সৈয়দ হাসিন আহমদ | চেয়ারম্যান, আমুড়া ইউপি | সদস্য | |
| ৪ | জনাব রুহেল আহমদ | সাধারন সম্পাদক, পৌর আওয়ামীলীগ | সদস্য | |
| ৫ | জনাব আব্দুল মোহাইমিন চৌধুরী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য সচিব | |

অদ্য উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভায় সভাপতিত্ব করেন উপজেলা ভাইস চেয়াম্যান গোলাপগঞ্জ, সিলেট। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জনাব আব্দুল মোহাইমিন চৌধুরীকে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুরোধ জানান।

**সভায় আলোচনা ও সিদ্ধান্ত নিম্ন লিখিত।**

**আলোচনা নং- ০১ ঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন** ঃ অদ্যকার সভায় বিগত ০৬.০৪.২০২০ খ্রি. তারিখের কার্যবিবরনী পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনার পর কোন প্রকার সংশোধনী/পরিবর্তন ছাড়াই তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচনা নং- ০২ ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে প্রস্তাব প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।**

সভায় উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে বিভিন্ন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। আলোচনাকালে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমবায়ীদের আর্থসামাজিক অবস্থার উন্নতির লক্ষ্যে তাঁর কার্যালয় বিভিন্ন কৃষক সমবায় সমতির সদস্যের মধ্যে ঋন প্রদান করে থাকে। শুধুমাত্র ঋণ প্রদানের মাধ্যমে কৃষকদের আর্ত-সামাজিক অবস্থা উন্নয়ন সম্ভব নয়। তাদের প্রয়োজন উন্নত কৃষি যন্ত্রপাতি । উন্নত কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে তারা কম খরচে বেশি উৎপানে সক্ষম হবে। তাদের উৎপাদন বাড়বে ফলে তারা অর্থনৈতিকভাবে সক্ষমতা অর্জন করবে যা দেশের সার্বিক উন্নয়নে ভূমিকা রাখবে। সমবায়ীদের কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে তাদের মাঝে উন্নত কৃষি যন্ত্রপাতি বিনামূল্যে বিতরণের জন্য উপজেলা পরিষদ হতে অর্থ বরাদ্দ প্রয়োজন। সভায় এ ব্যাপারে ব্যাপক আলোচনা হয় এবং নিম্নোক্ত কৃষি যন্ত্রপাতি বিতরণের জন্য উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় আলোচনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।।

১। রিপার ০৫(পাঁচ) টি।

২। হারভেস্টার ০১(এক) টি।

যন্ত্রপাতির মূল্য:

প্রতিটি রিপার =৫৫০০০*৫=২,৭৫,০০০/-টাকা

প্রতিটি হারভেস্টার =৩৫০০০০*১=৩,৫০,০০০/- টাকা

মোট =৬,২৫,০০০/- টাকা

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মনসুর আহমদ)
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি
ও
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

স্মারকনং ৪৭.৬২.৯১৩৮.০০০.০৬.০০১.০৯. ০৪(১)

তারিখ: ১৪.০৬.২০২২ খ্রি.

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে প্রেরণ করা হলো:**

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

০২। উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।

০৩। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,গোলাপগঞ্জ, সিলেট।

০৪। উপজেলা.......................অফিসার (সংশ্লিষ্ট), গোলাপগঞ্জ, সিলেট।

০৫। চেয়ারম্যান, ..................ইউপি(সংশ্লিষ্ট), গোলাপগঞ্জ, সিলেট।

০৬। অফিস কপি।

14/6/2022
(মোঃ আব্দুল মোহাইমিন চৌধুরী)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।